হজ্জের সংক্ষিপ্ত নিয়মাবলী

হজ্জের প্রকারভেদ :

১. হজ্জে তামাত্তু:- উমরাহ ও হজ্জের জন্যে পৃথক পৃথক ইহরাম বাধার মাধ্যমে এক সাথে উমরাহ ও হজ্জ করা। এটি উত্তম।
২. হজ্জে ইফরাদ: শুধু হজ্জের নিয়্যতে ইহরাম বেধে হজ্জ করা।
৩. হজ্জে কেরান:- একই ইহরামে হজ্জ ও উমরাহ উভয়ই সমাপ্ত করা।

হজ্জের বিবরণ

ইহরাম

গোসল করবে ও সুগন্ধি লাগাবে এবং ইহরামের নির্দিষ্ট কাপড় পরিধান করেবে এবং দুই রাকাত নামায পড়বে।

তালবিয়া

হজ্জে তামাত্তু আদায়কারী এভাবে বলবে: লাব্বাইকা আল্লাহুম্মা উমরাতান।
আর কিরান আদায়কারী বলবে; লাব্বাইকা আল্লাহুম্মা বিল হাজ্জি ওয়াল উমরাহ।
আর হজ্জে ইফরাদ আদায়কারী বলে: লাব্বাইকা আল্লাহুম্মা হাজ্জান।

তাওয়াফ

কাবা গৃহে প্রবেশ করে প্রথম কাজই হলো তাওয়াফ করা। অতঃপর দুই রাকাত নামায আদায় করবে।

সাঈ

হজ্জে তামাত্তু আদায়কারী উমরার জন্য সাঈ করবেন। ইফরাদ ও কারেনের জন্য সাঈ পরে করা বৈধ। অতঃপর তামাত্তু আদায়কারী মাথা নেড়ে করবেন অথবা চুল ছোট করবেন। এবং ইহরাম থেকে হালাল হয়ে যাবেন। আর ইফরাদ ও কারেন ব্যক্তি মাথা নেড়ে করবেন না অথবা ছোটও করবেন না। আর ইহরাম থেকে হালালও হবেন না। যিলহজ্জ মাসের ৮ তারিখে তামাত্তু আদায়কারী লাব্বাইক আল্লাহুম্মা হাজ্জান বলে ইহরাম পরিধান করবেন।

মিনার দিকে

মিনায় আট তারিখের যোহর থেকে নয় তারিখের ফজর পর্যন্ত অবস্থান করবে এবং জামাতের সাথে নামায আদায় করবে।

আরাফার দিকে

৯ই যিল- হজ্জ সূর্য উঠার পর আরাফাতের দিকে গমন করবে। বাকী সময়টুকু আল্লাহর যিকির করে পার করবে।

মুযদালাফার দিকে

অতঃপর সূর্যাস্তমিত হওয়ার পর শান্ত- শিষ্টভাবে মুযদালিফার দিকে যাবে। সেখানে রাত যাপন করবেন।

মিনার দিকে

সূর্য উদয়ের পূর্বে হাজী সাহেবগণ মিনার দিকে রওয়ানা হবেন, জামরাহ আকাবাকে পাথর নিক্ষেপ করার জন্য।

কুরবানী

যিলহজ্জ মাসের দশ তারিখে হাজী সাহেব কুরবানী করবেন, অতঃপর মাথা নেড়ে করবেন অথবা চুল ছোট করবেন।তখন স্বামী- স্ত্রীর মিলন ব্যতীত সবই হালাল।

মক্কার দিকে

হাজী সাহেব মক্কায়ে ফিরে আসবেন। এবং হজ্জের তাওয়াফ ও সাঈ সম্পন্ন করবেন। অতঃপর মিনায় চলে যাবেন, সেখানে ১১ ও ১২ তারিখ অবস্থান করবেন, এবং তিনও শয়তানকে পাথর নিক্ষেপ করবেন। তখন সমস্ত কিছু হালাল হয়ে যাবে।

বিদায়ী তাওয়াফ

মক্কা থেকে বিদায় নেওয়ার পূর্বে অবশ্যই তাওয়াফুল বিদা করে বের হতে হবে।
মদীনায় মসজিদে নববী যিয়ারত করা হাজীদের জন্য মুস্তাহাব।

لجنة الدعوة الإلكترونية
E-Da'wah Committee
www.edc.org.kw
Muslim New
www.new-muslims.info/bd/ NewMuslimBengali NewMuslimsBd NewMuslimsBengali